রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, এপ্রিল ২৬, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ]**

**আদেশ**

তারিখ : ০২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় :** Exemption of VAT & ATV for Sandor Dialysis to Import Dialysis Fluid, Solution, Insulin and its consumable item for NIKDU and CMCH project centers under PPP Module.

**নং ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৪.১৭/১৪৫**—যেহেতু, রেফারেল হসপিটাল সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৩৭-আইন/২০০৯/২২৪০-শুল্ক, তারিখ : ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ আমদানির ক্ষেত্রে সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে;

যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং ১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক, তারিখ : ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর টেবিল-১ এ এইচ.এস.কোড ৮৪২১.২৯.২০ এর আওতায় Haemodialyser (Artificial Kidney) এর উপর আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, Hemodialysis Machine সমূহ দরিদ্র রোগীদের চিকিৎসা সেবায় ব্যবহৃত হইবে, বাণিজ্যিক ভিত্তিতে বিক্রয় করা হইবে না এবং এই ক্ষেত্রে অব্যাহতি প্রদান করা হইলে গরীব রোগীরা কম খরচে সেবা গ্রহণ করিবার সুযোগ পাইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর আওতায় শুধুমাত্র কিডনি চিকিৎসা প্রদান করা হয় এমন হাসপাতাল কর্তৃক আমদানিকৃত Hemodialysis Machine সংশ্লিষ্ট রাসায়নিকসমূহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) আগামী ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল :—

**শর্তাবলি :**

(ক) Hemodialysis Machine সংশ্লিষ্ট রাসায়নিকসমূহ দরিদ্র রোগীদের চিকিৎসা সেবায় ব্যবহৃত হইবে এবং কোন অবস্থায়ই বাণিজ্যিকভাবে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;

(খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস. কোডে শুল্কায়ন করিতে হইবে;

(গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;

(ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫—২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এ ক্ষেত্রে পরিপালনীয় হইবে; এবং

(ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে যে, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর আওতায় প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত Hemodialysis Machine সংশ্লিষ্ট রাসায়নিকসমূহ কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd